যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৭

# শিক্ষাঙ্গনে সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হোন : শিক্ষক সমাজের আহ্বান

যুগান্তর রিপোর্ট

সন্ত্রাসের বিরুদ্ধে শিক্ষক ও পেশাজীবীদের যৌথ আলোচনা সভায় বক্তারা উদ্বেগ প্রকাশ করে বলেছেন, যত দ্রুত সম্ভব শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করতে হবে। এ জন্য সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে বক্তারা বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাসের কথা প্রয়োজনে আইএলও এবং ইউনেস্কোকে জানানো হবে। গতকাল জাতীয় প্রেসক্লাবের হল রুমে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির মহানগর সভাপতি অধ্যক্ষ বদিউল আলম। বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যাপক কাজী ফারুক আহমেদ, কলেজ শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক আবদুর রউফ, ডা. টি আলী, অ্যাডভোকেট কে এম খোরশেদ আলম স্বপন, অধ্যক্ষ আসাদুল হক, আজিজুল ইসলাম, ডা. ওয়াজেদুল ইসলাম খান প্রমুখ।

অধ্যাপক কাজী ফারুক আহমেদ বলেন, রাজনৈতিক অবস্থানকে বাদ দিয়ে শিক্ষকদের এক হওয়া প্রয়োজন। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলো দলীয়করণমুক্ত না হলে এর পরিণতি ভয়াবহ হবে। এর ফলে সারাদেশে অচলাবস্থার সৃষ্টি হলে তার দায়দায়িত্ব সরকারকে নিতে হবে।

অধ্যাপক আবদুর রউফ বলেন, নির্বাচনের পর থেকে শিক্ষাঙ্গনে আগের চেয়ে অনেক সন্ত্রাস বেড়েছে।

ডা. টি আলী বলেন, শুধু শিক্ষক কিংবা শিক্ষাঙ্গনেই সন্ত্রাসের অত্যাচার হচ্ছে না, অত্যাচার হচ্ছে সারাদেশে পেশাজীবীর ওপর। তিনি বলেন, এই সন্ত্রাসের পেছনে রাজনৈতিক আশ্রয়-প্রশ্রয় রয়েছে।

অ্যাডভোকেট কে এম খোরশেদ আলম স্বপন